গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা।
(সংস্থাপন শাখা)
www.bhola.gov.bd

**বিষয়ঃ** **জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২০২১ বাস্তবায়নের লক্ষ্যে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীঃ**

সভাপতিঃ মোহাম্মদ মাসুদ আলম ছিদ্দিক
জেলা প্রশাসক, ভোলা।

তারিখঃ ২৭-০৯-২০২০ খ্রিঃ।
সময়ঃ সকাল ১১.৩০ ঘটিকা।
স্থানঃ জেলা প্রশাসক, ভোলা এর অফিস কক্ষ।

কমিটির উপস্থিত সদস্যগণের নামের তালিকা সংশ্লিষ্ট নথিতে সংরক্ষিত আছে।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), ভোলা ২০২০-২১ সালের প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়নে কার্যকর ভূমিকা রাখার জন্য সকলকে অনুরোধ করেন। সভাপতি জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২১ যথাযথভাবে বাস্তবায়নের নিমিত্ত অধিকতর সচেতন, ত্রৈমাসিক ভিত্তিতে সভা আহবান এবং মন্ত্রিপরিষদ বিভাগসহ সংশ্লিষ্ট দপ্তরে অগ্রগতি প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করেন। অতঃপর সভায় নিম্নরূপ আলোচনা ও সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১. | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন বিষয়ে আলোচনা | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো, ২০২০-২০২১ এর বিভিন্ন সূচক বাস্তবায়নে সকলকে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)।<br>২। উপপরিচালক, জেলা সমাজসেবা অধিদপ্তর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।<br>৩। সহকারী কমিশনার (ভূমি) (সকল)।<br>৪। সহকারী কমিশনার, আইসিটি শাখা।<br>৫। নেজারত ডেপুটি কালেক্টর। |
| ২. | ত্রৈমাসিক অগ্রগতির প্রতিবেদন ওয়েবসাইটে আপলোড করার বিষয়ে আলোচনা | স্ব-স্ব বিভাগে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো, ২০২০-২০২১ এর জুলাই-সেপ্টেম্বর/২০২০ সময়ের ত্রৈমাসিক অগ্রগতির প্রতিবেদন স্ব-স্ব ওয়েবসাইটে আপলোড করাসহ এ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)।<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।<br>৩। সহকারী কমিশনার, আইসিটি শাখা।<br>৪। নেজারত ডেপুটি কালেক্টর। |
| ৩. | জেলা তথ্য বাতায়নে শুদ্ধাচার সেবাবক্স স্থাপন | ভোলা জেলা তথ্য বাতায়নে পৃথক শুদ্ধাচার সেবাবক্স স্থাপন করতে হবে। শুদ্ধাচার সেবাবক্সে সাব-মেনু হিসেবে (১) বার্ষিক কর্মপরিকল্পনা (২) ত্রৈমাসিক অগ্রগতির বাস্তবায়ন প্রতিবেদন (৩) প্রজ্ঞাপন, নীতিমালা/পরিপত্র/কার্যবিবরণী (৪) সেবা প্রদান পদ্ধতি চিত্র স্থাপন করতে হবে। | ১। সহকারী কমিশনার, আইসিটি শাখা।<br>২। প্রোগ্রামার, জেলা কার্যালয়, ভোলা। |
| ৪. | শুদ্ধাচার সেবাবক্স হালনাগদকরণের বিষয়ে আলোচনা | সকল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়কে স্ব-স্ব ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্স হালনাগাদ করতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)।<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br>৩। সহকারী কমিশনার, আইসিটি শাখা,<br>৪। প্রোগ্রামার, জেলা কার্যালয়, ভোলা। |
| ৫. | কর্মকর্তা ও কর্মচারীদের প্রশিক্ষণের বিষয়ে আলোচনা | স্ব-স্ব বিভাগে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন বিষয়ে কর্মকর্তা ও কর্মচারীদের নিয়মিত প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ কার্যালয়ের কর্মকর্তা ও কর্মচারীদের নিয়মিত প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এ ধারা অব্যাহত রাখতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)।<br>২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)।<br>২। প্রশাসনিক কর্মকর্তা, সংস্থাপন শাখা। |

(চলমান পাতা-০১)

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | | | |
| ৬. | কালক্টরেটের সকল শাখা ও উপজেলা পর্যায়ে স্ব-স্ব অফিসে অভ্যন্তরীণ সাপ্তাহিক প্রশিক্ষণ বিষয়ে আলোচনা | এ কার্যালয়ের সকল শাখা, উপজেলা নির্বাহী অফিস ও সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়ে কর্মরত কর্মচারীদের সাপ্তাহিক অভ্যন্তরীণ প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br>৩। সহকারী কমিশনার, (ভূমি) সকল<br>৪। সহকারী কমিশনার (সকল)......... শাখা<br>৫। প্রশাসনিক কর্মকর্তা, সংস্থাপন শাখা। |
| ৭. | স্ব-স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বাস্তবায়ন এবং ওয়েবসাইটে প্রকাশ বিষয়ে অলোচনা | সকল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সহকারী কমিশনার (ভূমি)গণকে স্ব-স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বাস্তবায়ন এবং ওয়েব সাইটে প্রকাশ করতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br>৩। সহকারী কমিশনার, (ভূমি) সকল<br>৪। সহকারী কমিশনার, আইসিটি শাখা<br>৫। প্রশাসনিক কর্মকর্তা, সংস্থাপন শাখা। |
| ৮. | শুদ্ধাচার সংক্রান্ত উত্তম চর্চার তালিকা প্রণয়ন করে স্ব-স্ব দপ্তর/সংস্থায় প্রেরণ বিষয়ে আলোচনা | সকল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়কে শুদ্ধাচার সংক্রান্ত উত্তম চর্চার তালিকা প্রণয়ন করে স্ব-স্ব দপ্তর/সংস্থায় প্রেরণ এবং ওয়েব সাইটে প্রকাশ করতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br>৩। সহকারী কমিশনার, আইসিটি শাখা<br>৪। প্রশাসনিক কর্মকর্তা, সংস্থাপন শাখা। |

সভাপতি অফিসে আগত সেবা প্রত্যাশীদের সাথে ভাল ব্যবহার, নিজ নিজ অবস্থান থেকে স্বচ্ছ ও সঠিকভাবে দায়িত্ব পালনের জন্য জেলা পর্যায়ের সকল বিভাগীয় কর্মকর্তাকে অনুরোধ জানান। এছাড়া স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে স্ব-স্ব কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি জনসাধারনের দৃশ্যমান স্থানে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ করেন।

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যগণকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/০৯/২০২০

(মোহাম্মদ মাসুদ আলম ছিদ্দিক)
জেলা প্রশাসক
ভোলা।
☎: ০৪৯১-৬২৪০০
🖷: ০৪৯১-৬২৬২৬
e-mail: dcbhola@mopa.gov.bd

স্মারক নং-০৫.১০.০৯০০.০০১.১৫.০০২.২০- ৪৫৬/১ (১৩) তারিখঃ ২৮/০৯/২০২০ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো:

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. বিভাগীয় কমিশনার, (সকল)...................................................... ।
০৪. জেলা প্রশাসক, (সকল)............................................................ ।
০৫. উপপরিচালক, স্থানীয় সরকার, ভোলা।
০৬. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/শিক্ষা ও আইসিটি)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ভোলা।
০৭. উপপরিচালক, জেলা সমাজসেবা অধিদপ্তর, ভোলা।
০৮. উপজেলা নির্বাহী অফিসার (সকল), ......................................., ভোলা।
০৯. নেজারত ডেপুটি কালেক্টর/রেভিনিউ ডেপুটি কালেক্টর/জেনারেল সার্টিফিকেট অফিসার/ভূমি অধিগ্রহণ কর্মকর্তা, ভোলা।
১০. সহকারী কমিশনার (ভূমি) (সকল),......................................., ভোলা।
১১. সহকারী কমিশনার (সকল),......................................., ভোলা।
১২. প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, জেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা
১৩. অফিস কপি।

২৮/০৯/২০২০

জেলা প্রশাসক
ভোলা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা।
(সংস্থাপন শাখা)
www.bhola.gov.bd

**বিষয় : জেলা নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী:**

সভাপতিঃ মোহাম্মদ মাসুদ আলম ছিদ্দিক
জেলা প্রশাসক, ভোলা।

তারিখঃ ২৭-০৯-২০২০ খ্রিঃ।

সময়ঃ সকাল ১১.০০ ঘটিকা।

স্থানঃ জেলা প্রশাসক, ভোলা এর অফিস কক্ষ।

কমিটির উপস্থিত সদস্যগণের নামের তালিকা সংশ্লিষ্ট নথিতে সংরক্ষিত আছে।

সভাপতি উপস্থিত সকল কর্মকর্তা ও কর্মচারীদেরকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে জেলা নৈতিকতা কমিটির সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি বলেন যে, সকল পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীদের জন্য জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন করা এবং এ বিষয়ে সচেতন হওয়া একান্ত প্রয়োজন। সরকারি নীতি পরিপন্থী কোন কাজ না করা এবং স্বচ্ছতা ও দ্রুততার সাথে সেবা জনগণের দোরগোড়ায় পৌছে দেয়া সকল কর্মকর্তা ও কর্মচারীর নৈতিক দায়িত্ব। এছাড়াও তিনি জানান নৈতিকতার উৎকর্ষ সাধনের লক্ষ্যে সরকার 'সোনার বাংলা গড়ার প্রত্যয়ে' জাতীয় শুদ্ধাচার কৌশল শিরোনামে একটি কর্মকৌশল প্রণয়ন করেন। সভাপতির নির্দেশক্রমে সদস্য সচিব ও নেজারত ডেপুটি কালেক্টর, ভোলা সভার শুরুতে মন্ত্রিপরিষদ বিভাগের শুদ্ধাচার অধিশাখার ১৩/০৩/২০১৮খ্রি. তারিখের ০৪.০০.০০০০.৮২২.১৪.০৪২.১৬-০৫৩ নং স্মারকে শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা' ২০১৭ এর পত্রটি এবং প্রস্তুতকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা মোতাবেক ভোলা জেলার উত্তম চর্চা (Best Practice) এর তালিকা পাঠ করে শুনান। সভাপতি উত্তম চর্চা (Best Practice) এর তালিকা মোতাবেক কার্যক্রম ১০০% বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করেন। এছাড়াও পরিপত্রের আলোকে ইতোমধ্যে ২০১৯-২০২০ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার প্রদান করায় বাছাই কমিটিকে ধন্যবাদ জ্ঞাপন করেন। অতঃপর সভাপতি শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্ত উপস্থিত সকলকে আলোচনার জন্য আহবান জানান। আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১. নৈতিকতা কমিটির সভা আয়োজন সংক্রান্ত | বার্ষিক শুদ্ধাচার কৌশলের পরিকল্পনা অনুযায়ী ত্রৈমাসিক সভা করার নির্দেশনা রয়েছে। নির্দেশনা অনুযায়ী জেলা নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠিত হচ্ছে এবং সভার কার্যবিবরণী জেলার ওয়েব পোর্টালে আপলোড করা হচ্ছে। | এ ধারা অব্যাহত রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | নেজারত ডেপুটি কালেক্টর, ভোলা ও সহকারী কমিশনার, আইসিটি শাখা |
| ২. সেবা প্রদান সহজীকরণ | জনগণকে সহজে তথ্য ও সেবা প্রদানের লক্ষ্যে ভোলা জেলা প্রশাসকের কার্যালয়ের নিচতলায় একটি কক্ষ আধুনিকায়ন করে ফ্রন্টডেস্ক স্থাপন করা হয়েছে। ফ্রন্টডেস্কের মাধ্যমে দ্রুত জনসেবা প্রদানের লক্ষ্যে এখানে ইন্টারনেট সুবিধাসহ কম্পিউটার ও টেলিফোন সংযোগ স্থাপন করা হয়েছে। ফ্রন্টডেস্ক হতে অফিস চলাকালে একজন কর্মকর্তার তত্ত্বাবধানে সার্বক্ষণিকভাবে ০৫ (পাঁচ) জন সহকারী জনগণকে বিভিন্ন তথ্য প্রদান করছেন এবং বিভিন্ন দপ্তরের সাথে যোগাযোগের জন্য সহায়তা প্রদান করছেন। ফ্রন্টডেস্কে যেকোনো ব্যক্তি আবেদন জমা দিতে পারেন এবং সেখান থেকে কাঙ্খিত সেবা প্রদান করা হয়। | সেবাপ্রত্যাশী জনগণ যাতে অহেতুক হয়রানীর শিকার না হয়ে স্বল্পতম সময়ে মানসম্মত সেবা পায় সে বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তা আরো সচেতন হবেন। | ভারপ্রাপ্ত কর্মকর্তা, ফ্রন্টডেস্ক শাখা |
| ৩. শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন নির্দেশিকা, ২০২০-২০২১ অর্থ-বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন পরিকল্পনা ও ত্রৈমাসিক অগ্রগতির বিষয়ে আলোচনা করা হয়। সভায় জানানো হয় ২০১৯-২০২০ অর্থবছরের ৩য় ও ৪র্থ ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন প্রমাণকসহ বিভাগীয় কমিশনারের কার্যালয় প্রেরণ করা হয়েছে এবং ওয়েব পোর্টালে আপলোড করা হয়েছে। ২০২০-২০২১ অর্থ বছরের ১ম ত্রৈমাসিক যথাসময়ে প্রেরণের জন্য আলোচনা করা হয়। | এ ধারা অব্যাহত রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | নেজারত ডেপুটি কালেক্টর, ভোলা ও সহকারী কমিশনার, আইসিটি শাখা |

| বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৪. ওয়েবসাইটে শুদ্ধাচার কৌশলের সেবাবক্স হালনাগাদ সংক্রান্ত | শুদ্ধাচার সম্পর্কিত স্ব-স্ব ওয়েব সাইটে পৃথক বক্স রয়েছে। এ বক্সের তথ্যাদি নিয়মিত হালনাগাদ করা প্রয়োজন। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মতে জেলা প্রশাসকের কার্যালয়ের শুদ্ধাচার বক্সটি হালনাগাদ করা হয়েছে। উক্ত বক্সে প্রতি বছরের কর্মপরিকল্পনা এবং ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন আপলোড করার বিষয়ে আলোচনা করা হয়। | শুদ্ধাচার সেবাবক্স নিয়মিত হালনাগাদ করার জন্য এবং ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন আপলোড করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী কমিশনার, আইসিটি শাখা |
| ৫. উত্তম চর্চার তালিকা প্রণয়ন | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা মোতাবেক ২০২০-২০২১ অর্থবছরের উত্তম চর্চা (Best Practice) এর তালিকা প্রণয়ন করে বিভাগীয় কমিশনারের কার্যালয় প্রেরণ করা হয়েছে এবং ওয়েব পোর্টালে আপলোড করা হয়েছে। অনুরূপভাবে উপজেলাসমূহের উত্তম চর্চা (Best Practice) এর তালিকা প্রণয়ন করে স্ব স্ব ওয়েব পোর্টালে আপলোড করার জন্য আলোচনা করা হয়। | উপজেলাসমূহের ২০২০-২০২১ অর্থবছরের উত্তম চর্চা (Best Practice) এর তালিকা প্রণয়ন করে এ কার্যালয়ে প্রেরণসহ স্ব স্ব ওয়েব পোর্টালে আপলোড করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল) ও সহকারী কমিশনার, আইসিটি শাখা |
| ৬. শুদ্ধাচার পুরস্কার প্রদান সংক্রান্ত। | ২০২০-২০২১ অর্থ বছরে শুদ্ধাচার বিষয়ক চর্চার জন্য শুদ্ধাচার পুরস্কার প্রদানের কার্যক্রম গ্রহণ করার জন্য উপজেলা পর্যায়ের অফিসসমূহকে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে এ বিষয়ে শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭ অনুযায়ী নির্ধারিত ছক মোতাবেক আবেদন জেলা প্রশাসকের কার্যালয়, ভোলায় প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হয়। | উপজেলা হতে নির্ধারিত ছক মোতাবেক শুদ্ধাচার পুরস্কারের জন্য মনোনয়ন পাওয়ার সাথে সাথে ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সদস্য সচিব ও নেজারত ডেপুটি কালেক্টর, ভোলা |

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যগণকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(মোহাম্মদ মাসুদ আলম ছিদ্দিক)
জেলা প্রশাসক
ভোলা।
☏: ০৪৯১-৬২৪০০
e-mail: dcbhola@mopa.gov.bd

স্মারক নং-০৫.১০.০৯০০.০০১.১৫.০০২.২০-৪৫২ (১০০)

তারিখঃ ২৮/০৯/২০২০ খ্রিঃ

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো:**

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. বিভাগীয় কমিশনার, (সকল).................................................. ।
০৫. জেলা প্রশাসক, (সকল)......................................................... ।
০৬. উপপরিচালক, স্থানীয় সরকার, ভোলা।
০৭. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/শিক্ষা ও আইসিটি)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ভোলা।
০৮. উপজেলা নির্বাহী অফিসার (সকল), ......................................., ভোলা।
০৯. রেভিনিউ ডেপুটি কালেক্টর/জেনারেল সার্টিফিকেট অফিসার/ভূমি অধিগ্রহণ কর্মকর্তা, ভোলা।
১০. সহকারী কমিশনার (ভূমি) (সকল),......................................, ভোলা।
১১. ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল),.............................................., ভোলা।
১২. প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, জেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা
১৩. অফিস কপি।

২৮/০৯/২০২০

(নেজারত ডেপুটি কালেক্টর)
ও
সদস্য-সচিব
জেলা নৈতিকতা কমিটি,
জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা।